

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট

পিএসডি সার্কুলার নং- ০৭/২০১৪

তারিখ: ২৭ নভেম্বর, ২০১৪
১১ অগ্রহায়ণ, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/ নির্বাহী প্রধান
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

Guidelines on Mobile Financial Services for the Banks

উপর্যুক্ত বিষয়ে ২০/১২/২০১১ তারিখের ডিসিএমপিএস (পিএসডি) সার্কুলার লেটার নং-১১ এর মাধ্যমে জারীকৃত “Amendment of Guidelines on Mobile Financial Services for the Banks” এবং ০১/০৯/২০১৩ তারিখের পিএসডি সার্কুলার লেটার নং-০১/২০১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস এর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এরং মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস এ জালিয়াতি রোধকল্পে পিএসডি সার্কুলার লেটার নং-১/২০১৩ এর মাধ্যমে গ্রাহক একাউন্টের ক্ষেত্রে দৈনিক ও মাসিক লেনদেন সীমা নির্ধারণ করা হয়েছে। তবে, গ্রাহক একাউন্ট সংখ্যার ক্ষেত্রে নির্ধারিত সীমারেখা নেই। সম্প্রতি অভিযোগ উঠেছে যে, একজন এজেন্ট নিজ নামে একাধিক গ্রাহক একাউন্ট খুলে নিবন্ধনহীন গ্রাহকের পক্ষে লেনদেন করছেন; যা Guidelines on Mobile Financial Services for the Banks এর পরিপন্থী এবং বিভিন্ন ধরনের অপরাধ সংঘটনে সহায়ক। নিবন্ধনহীন গ্রাহকের মাধ্যমে এ ধরনের লেনদেন সংঘটিত হলে এর সাথে সম্পৃক্ত ব্যক্তিকে সনাক্ত করা সম্ভব হয় না।

তদ্ব্যপেক্ষিতে, নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য আপনাদের পরামর্শ দেয়া যাচ্ছে:

০১. একজন গ্রাহক একটি মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস প্রদানকারী ব্যাংক/ সাবসিডিয়ারির একাধিক একাউন্ট খুলতে পারবেন না।
০২. ইতোমধ্যে যে সকল গ্রাহক কোন একটি মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস প্রদানকারী ব্যাংক/ সাবসিডিয়ারির একাধিক একাউন্ট খুলেছেন তাদের একটি একাউন্ট সচল রেখে বাকী একাউন্টসমূহ অবিলম্বে বন্ধ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(কে, এম, আব্দুল ওয়াদুদ)

মহাব্যবস্থাপক

ফোন: ৮৮-০২-৯৫৩০১৭৪